



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৪/০১/২০১৭খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন সম্পন্ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ৬টি অনুষদের অধীন ২০টি বিভাগের স্নাতক (সম্মান) ১ম বর্ষের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন সম্পন্ন হয়েছে। ২৪ জানুয়ারি ২০১৭ তারিখ সকাল ৯.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক'র সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)'র মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর আবদুল মান্নান নবীনদের উদ্দেশ্যে বলেন, আজকের দিনটি বাংলাদেশের ইতিহাসে যেমন একটি ঐতিহাসিক দিন ঠিক তেমনি বরিশাল বিশ্ববিদ্যালয় তোমরা যারা নবীন তোমাদের জন্যও এ দিনটি তৎপর্যপূর্ণ। কেননা ২৪ জানুয়ারি দিনটি গণঅভ্যুত্থান দিবস হিসেবে পরিচিত। আর এ দিনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন আয়োজন করায় দিনটি বরিশাল বিশ্ববিদ্যালয় তথা এর নবীন শিক্ষার্থীদের জন্য একটি ঐতিহাসিক দিন। ওরিয়েন্টেশন হচ্ছে নতুন বন্ধুকে জানা, নতুন নতুন বিষয়কে অবলোকন করা। বিদেশে অনেক বিশ্ববিদ্যালয়েই ৭ দিনব্যাপী ওরিয়েন্টেশনের আয়োজন করা হয়ে থাকে। তিনি আরও বলেন বাংলাদেশের মত এত তরুণ প্রজন্ম খুব কম দেশেই আছে। এই তরুণরাই পারবে বিশ্বকে পরিবর্তন করতে। ১৯৭১ সালে এই তরুণরাই যুদ্ধ করে বাংলাদেশকে স্বাধীন করেছে। সেই তরুণদের উত্তরসূরী হিসেবে তোমরা যারা আজকের প্রজন্ম তুমরাই বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবে। নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে চেয়ারম্যান মহোদয় বলেন, জঙ্গিবাদ বাংলাদেশের জন্য একটি বড় সমস্যা, এ জঙ্গিবাদকে রুখতে তরুণদেরই এগিয়ে আসতে হবে। বাংলাদেশের অগ্রযাত্রাকে কোন ভাবেই ব্যহত হতে দেয়া যাবে না, কেননা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এখন বিশ্ব দরবারে একটি রোল মডেল। কাজেই এ ধারাকে অব্যাহত রাখতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার মহোদয় নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ৫২'র ভাষা আন্দোলন, ৭১'র মুক্তিযুদ্ধ, ৯০'র গণঅভ্যুত্থান সহ প্রতিটি আন্দোলন সংগ্রামে তরুণদের অবদান ছিল। তাই তরুণরাই সামাজিক বিপ্লবের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যাবে এ প্রত্যাশা আমার। সভাপতির বক্তব্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বলেন, শিক্ষাব্যবস্থায় পরিবর্তন আনতে হবে। কোচিং নির্ভরতা থেকে আমাদেরকে বেড়িয়ে আসতে হবে। সারাদিন বাচ্চাদেরকে পড় পড় না বলে তাদেরকে তাদের মনসতাত্ত্বিক বিকাশ ঘটানোর ব্যবস্থা করে দিতে হবে। কারন এই শিক্ষার্থীরাই এক সময় জাতিকে নেতৃত্ব দেবে। তিনি বলেন, চলতি বছরে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে বরিশাল বোর্ডের শিক্ষার্থীদের সংখ্যাই বেশি। আর এর মধ্যদিয়ে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা জেলায় জেলায় যে বিশ্ববিদ্যালয় স্থাপনের ঘোষণা দিয়েছেন তার বাস্তবতা প্রতিফলিত হয়েছে। বরিশাল নত্যাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, অচিরেই মেয়েদের আবাসনের জন্য ১টি হল নির্মাণ করা হবে, শিক্ষার্থী পরিবহনে চলতি মাসেই ১টি বাস যুক্ত হচ্ছে, ১টি ল্যাবোয়েজ সেন্টার করা হবে এবং আগামীতে জার্নালিজম ও বায়োকেমিস্ট্রি এন্ড বায়োটেকনোলজি বিভাগ খোলা হবে। উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়কে পরিবেশবান্ধব সবুজ বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষণা করে বলেন, অচিরেই দেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয় একটি অন্যতম সেরা বিশ্ববিদ্যালয় হিসেবে পরিণত হবে। ওরিয়েন্টেশনে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, বিশ্ববিদ্যালয়ের ২০টি বিভাগের বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী ও ছাত্র উপদেষ্টাগণের উপস্থিতিতে স্ব স্ব বিভাগের নবাগত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিন্ডিকেট সদস্য জনাব এম কে রহমান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, অতিরিক্ত পুলিশ কমিশনার, অতিরিক্ত ডিআইজি, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক, ডিসি সাউথ, প্রক্টর, ৩টি হলের প্রভোস্ট, জেলা প্রশাসনের কর্তাব্যক্তি সহ বিভিন্ন সংস্থার প্রতিনিধি, সুধীজন, সাংবাদিকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানস্থলে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়কে ফুল ও ফ্রেস্ট দিয়ে বরণ করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। ওরিয়েন্টেশন শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির আয়োজনে এবং শিক্ষার্থীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠান সম্বলনার দায়িত্বে ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)